বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
জনশক্তি ও প্রশিক্ষণ ইউনিট
www.barc.gov.bd
নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা- ১২১৫।

**স্মারক নম্বর:** ১২.২০.০০০০.০১৩.০৭.০০১.২৩.৮

তারিখ: ২১ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
০৫ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: বিএআরসি'র সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ এর কার্যক্রম [১.৩] এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বিএআরসি'র সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ এর কার্যক্রম [১.৩] এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ১ম অবহিতকরণ সভা সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ), বিএআরসি এর সভাপতিত্বে গত ১৮/১২/২০২৪ তারিখ তুলা ভবন, তুলা উন্নয়ন বোর্ড, কৃষি খামার সড়ক, ঢাকায় অনুষ্ঠিত হয়।

উক্ত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

**সকল সংযুক্তিসমূহ:**
(১) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডার সমন্বয়ে অনুষ্ঠিত ১ম সভার কার্যবিবরণী

০৫-০১-২০২৫
ড. নাজমুন নাহার করিম
নির্বাহী চেয়ারম্যান (রুটিন দায়িত্ব)
+৮৮০২-৪১০২৫২৫২

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সদস্য পরিচালক, প্রাণিসম্পদ বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।
২। সদস্য পরিচালক, মৎস্য বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।
৩। সদস্য পরিচালক, শস্য বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।
৪। সদস্য পরিচালক, প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।
৫। সদস্য পরিচালক, প্রশাসন ও অর্থ বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।
৬। সদস্য পরিচালক (চলতি দায়িত্ব), কৃষি অর্থনীতি ও গ্রামীণ সমাজ বিজ্ঞান বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।
৭। সদস্য পরিচালক (রুটিন দায়িত্ব), পরিকল্পনা ও মূল্যায়ন বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।
৮। পরিচালক, অর্থ ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।
৯। পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), কৃষি তথ্য কেন্দ্র, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।
১০। পরিচালক, সাপোর্ট সার্ভিস ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।
১১। পরিচালক, কম্পিউটার এন্ড জিআইএস ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।
১২। পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), পুষ্টি ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।
১৩। পরিচালক, জনশক্তি ও প্রশিক্ষণ ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।

১৪। পরিচালক (চলতি দায়িত্ব), টিটিএমইউ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।

**স্মারক নম্বর:** ১২.২০.০০০০.০১৩.০৭.০০১.২৩.৮/১ (৪)

তারিখ: ২১ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
০৫ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। যুগ্মসচিব, বাজেট ও মনিটরিং অধিশাখা, কৃষি মন্ত্রণালয়।

২। উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), মনিটরিং ও রিপোর্টিং শাখা, কৃষি মন্ত্রণালয়।

৩। পরিচালক, কম্পিউটার এন্ড জিআইএস ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

৪। একান্ত সচিব, নির্বাহী চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।

০৫-০১-২০২৫
ড. নাজমুন নাহার করিম
নির্বাহী চেয়ারম্যান (রুটিন দায়িত্ব)

# বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
## নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫

www.barc.gov.bd

সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ এর কার্যক্রম [১.৬] অনুসারে 'সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ ১ম সভা' এর কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | ড. মোঃ ছায়ফুল্লাহ, সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ), বিএআরসি। |
| সভার তারিখ | ঃ | ১৮ ডিসেম্বর ২০২৪ খ্রি. |
| সময় | ঃ | সকাল ১০.৪৫ ঘটিকা। |
| স্থান | ঃ | সেমিনার রুম, তুলা ভবন, তুলা উন্নয়ন বোর্ড, ঢাকা । |
| উপস্থিতির তালিকা | ঃ | পরিশিষ্ট 'ক' |

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি সভায় উপস্থিত হওয়ার জন্য ড. নাজমুন নাহার করিম, নির্বাহী চেয়ারম্যান (রুটিন দায়িত্ব), বিএআরসি; ড. আবদুছ ছালাম, সদস্য পরিচালক (শস্য), বিএআরসি এবং জনাব নাজিয়া শিরিন, যুগ্মসচিব, বাজেট ও মনিটরিং অধিশাখা ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা সিটিজেন চার্টার, কৃষি মন্ত্রণালয়-কে ধন্যবাদ জানান । অতঃপর জনাব মোঃ আল মোবাচ্ছের হোসেন, প্রধান ট্রেনিং অফিসার (জনশক্তি ও প্রশিক্ষণ) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সিটিজেন চার্টার, বিএআরসি কাউন্সেলের সিটিজেন চার্টারভুক্ত সেবাসমূহের ওপরে একটি উপস্থাপনা করেন। তিনি সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগ নির্ধারিত দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ এর কার্যক্রম [১.৬] অনুসারে 'সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা' আয়োজনের লক্ষমাত্রা নির্ধারণ করা আছে। সে অনুসারে বিএআরসি প্রদত্ত নাগরিক, প্রাতিষ্ঠানিক ও অভ্যন্তরীণ সেবা সম্পর্কে স্টেকহোল্ডারদের অবহিত করার উদ্দেশ্যে এই সভার আয়োজন করা হয়েছে।

১। নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি সভার শুরুতে বলেন, সেবা প্রদান প্রতিশ্রুতি সরকারি দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রক্রিয়ায় স্বচ্ছতা ও শৃঙ্খলা আনয়ন করে। তাছাড়া, এর মাধ্যমে সেবা সংক্রান্ত তথ্য নাগরিকের নিকট সহজলভ্য হয়, সেবা কার্যক্রমে নাগরিকের অংশীদারিত্ব বৃদ্ধি এবং সরকারি কর্মকর্তা-কর্মচারীদের জবাবদিহিতা বৃদ্ধি করতে এটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

২। এ বিষয়ে ফোকাল পয়েন্ট কর্মকর্তা বিএআরসি-এর সিটিজেন চার্টারভুক্ত নাগরিক, প্রাতিষ্ঠানিক ও অভ্যন্তরীণ সেবার আবেদন পদ্ধতি, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, সেবা প্রদানের সময়সীমা ইত্যাদি বিষয় উপস্থাপন করেন। তিনি কাউন্সিলের সার ও সার জাতীয় দ্রব্যের বিনির্দেশ নির্ধারণ প্রক্রিয়াকরণ; গ্রন্থাগার ও তথ্য সেবা; কৃষি প্রযুক্তি, কৃষি ক্ষেত্রে বিদ্যমান সমস্যা ও সম্ভাবনা সম্পর্কে পরামর্শ প্রদান, বাংলাদেশ উত্তম কৃষি চর্চার (GAP) মানদন্ড সরবরাহ ও বাংলাদেশ উত্তম কৃষি চর্চার (Bangladesh GAP) এর সার্টিফিকেশন মার্কস/লোগো প্রদান ইত্যাদি নাগরিক সেবার সেবা প্রদান বিষয়ে বিশদভাবে উপস্থাপন করেন।

৩। তিনি আরো বলেন, সরকারি যে কোন প্রতিষ্ঠান, উন্নয়ন সহযোগী সংস্থা, সেবাদানকারী প্রতিষ্ঠানের আওতাধীন অধিদপ্তর/সংস্থা/কার্যালয় এবং দাপ্তরিকভাবে সম্পৃক্ত দেশি/বিদেশি বেসরকারি প্রতিষ্ঠানসমূহকে প্রদত্ত সেবাকে প্রাতিষ্ঠানিক সেবা বলে। কাউন্সিলের প্রাতিষ্ঠানিক সেবাসমূহ যেমন: মন্ত্রণালয়/প্রতিষ্ঠান কর্তৃক যাচিত তথ্য/প্রতিবেদন প্রদান; কৃষি মন্ত্রণালয় স্থায়ী কমিটি/মন্ত্রণালয়ের জন্য প্রতিবেদন প্রেরণ; দেশের অভ্যন্তরে পিএইচডি বৃত্তি ও গবেষণা অনুদান প্রদান, বিদেশ প্রশিক্ষণ, কম্পিউটার ল্যাব সুবিধা ও জুম সহায়তা প্রদান

ইত্যাদি। এছাড়াও কাউন্সিলের সকল বিভাগ/ইউনিট/কেন্দ্র/শাখা এর কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের প্রদত্ত সেবাকে অভ্যন্তরীণ সেবা বলে। যেমনঃ সিপিএফ অগ্রিম/চুড়ান্ত মঞ্জুরী, কল্যাণ তহবিল, গোষ্ঠী বীমা, গ্রাচ্যুইটি, পিআরএল মঞ্জুর, ছুটি নগদায়ন ইত্যাদি।

৪। সভাপতি বলেন, কাউন্সিলের সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করে বিএআরসি'র ওয়েবসাইটে আপলোড করা হয়। এখানে সেবা গ্রহীতাদের সেবা গ্রহণে সেবা প্রদান পদ্ধতি, সেবা প্রদানের সময়সীমা, সেবার মূল্য, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং সেবা প্রাপ্তি নিশ্চিতকরণ সংক্রান্ত তথ্য সুনির্দিষ্টভাবে বিবৃত করা রয়েছে।

৫। সভাপতি সভায় অংশগ্রহণকারীদের বিএআরসি এর প্রদত্ত প্রতিশ্রুত সেবা সম্পর্কে আলোচনা ও মতামতের আহবান জানান। সভায় কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কৃষি বিপণণ অধিদপ্তর, বিএডিসি ও জাতীয় কৃষি গবেষণা সিস্টেমভূক্ত মোট ১৩টি প্রতিষ্ঠানের সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা, ১০টি বেসরকারি প্রতিষ্ঠানের সেবা গ্রহীতা, ০৩ জন GAP মানদন্ড সেবাগ্রহীতা ও সাংবাদিকসহ প্রায় ১০০ জন কর্মকর্তা/প্রতিনিধি অংশগ্রহন করেন। সভায় বিএআরসি এর প্রদত্ত সেবা বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

৫.১. সভায় বিএআরসি'র নাগরিক সেবা এর অর্ন্তভূক্ত সার ও সার জাতীয় দ্রব্যের বিনির্দেশ নির্ধারণ প্রক্রিয়ার ওপর আলোচনা করা হয়। উক্ত সেবার আওতায় ১০টি বেসরকারি সেবাগ্রহীতা প্রতিষ্ঠান (১) এপেক্স বায়োফার্টিলাইজার্স (২) এগ্রোস্যাল লিমিটেড (৩) সিনজেনটা বাংলাদেশ লিমিটেড (৪) হেইচেম বাংলাদেশ লিমিটেড (৫) ইস্পাহানি এগ্রোঃ লিঃ (৬) বেসিক ক্রপ কেয়ার (৭) এসিআই এগ্রো লিমিটেড (৮) সেতু পেস্টিসাইড লিমিটেড (৯) নাফকো (প্রাঃ) লিমিটেড (১০) মদিনা টেক লিমিটেড এর প্রতিনিধিগণ আলোচনায় অংশগ্রহণ করেন। এছাড়াও ০৩ জন GAP মানদন্ড সেবাগ্রহীতা আলোচনায় অংশগ্রহণ করেন।

৫.২. জনাব মোঃ মিজানুর রহমান, যুগ্মপরিচালক, বিএডিসি সভা/সেমিনার/কর্মশালা/ প্রশিক্ষণের জন্য ভেন্যু বরাদ্দ শীর্ষক সেবাটির ক্ষেত্রে সিটিজেন চার্টারে ভেন্যুর নির্ধারিত ভাড়া উল্লেখ করার জন্য মতামত প্রদান করেন।

৫.৩. ড. এ. টি. এম. মোরশেদ আলম, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট জানতে চান এনএআরএসভূক্ত প্রতিষ্ঠানের বিজ্ঞানীদের ৩য় গ্রেডে নিয়োগ/পদোন্নতি প্রদান সেবাটি কিভাবে দেয়া হয় এবং ৩০ দিনের ভিতরে সেবাটি দেয়া সম্ভব হয় কিনা এ বিষয়ে জানতে চান।

৫.৪. ড. মো: নুর আলম, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, বিএসআরআই NARS এর গবেষণা কার্যক্রমের মান ত্বরান্তিকরণে বিএআরসি এপেক্স বডি হিসেবে মনিটরিং কার্যক্রম জোরদারকরণে উদ্যোগ গ্রহণের অনুরোধ জানান।

৫.৫. এগ্রিলাইফ টুয়েন্টিফোর ডট কম এর সম্পাদক জনাব মোঃ শফিউল আজম উত্তম কৃষি চর্চা (GAP) শুধুমাত্র ক্রপ সেক্টরে সীমাবদ্ধ না রেখে মৎস্য ও প্রানিসম্পদ সেক্টরে বিস্তৃত করা যায় কিনা এ বিষয়ে মতামত প্রদান করেন। এছাড়াও কৃষি বিশ্ববিদ্যালয়সহ আরও অংশীজনের সমন্বয়ে সভা আয়োজনের পরামর্শ প্রদান করেন।

৫.৬. নাদিয়া টেক লিমিটেডের প্রতিনিধি GAP সংশ্লিষ্ট প্রশিক্ষণে বেসরকারি প্রতিষ্ঠানকে সম্পৃক্ত রাখার আহ্বান জানান।

৫.৭. ড. সুইটি শাহিনুর, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট মাঠ গবেষণার ফলাফল কিভাবে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের বাহিরেও অনান্য গবেষণা প্রতিষ্ঠানকে জানানো যায় সে বিষয়ে পরামর্শ চাওয়ার পাশাপাশি বিএআরসি আয়োজিত Research Review Workshop এ পাট

উৎপাদন সংক্রান্ত গবেষণার বাহিরেও অন্যান্য টেকনোলজি সংশ্লিষ্ট গবেষণা অন্তর্ভূক্ত করার বিষয়ে বিএআরসি'র দিকনির্দেশনা চাওয়া হয়।

৫.৮. কৃষি বিপণন অধিদপ্তরের ফোকাল পয়েন্ট কর্মকর্তা বিএআরসি'র মৃত্তিকা ইউনিট প্রদত্ত সার ও সার জাতীয় দ্রব্যের বিনির্দেশ নির্ধারণ প্রক্রিয়াকরণ সেবাটির সেবা প্রদানের সময়সীমা ২৬১ কার্যদিবস কেন এবং এ সেবা সংশ্লিষ্ট কার্যক্রম ও ধাপগুলো সম্পর্কে বিস্তারিত জানানোর জন্য অনুরোধ করেন।

৫.৯. সভায় কাউন্সিলের প্রাতিষ্ঠানিক সেবার আওতায় এনএআরএসভূক্ত প্রতিষ্ঠানের বিজ্ঞানীদের ৩য় গ্রেডে নিয়োগ/পদোন্নতি সেবার সেবা প্রদানের সময়সীমা বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

৫.১০ সভায় কাউন্সিলের প্রাতিষ্ঠানিক সেবার আওতায় মন্ত্রণালয়/প্রতিষ্ঠান কর্তৃক যাচিত তথ্য/মদামত প্রদান, এমওইউ সংক্রান্ত মতামত প্রদান ও অন্যান্য সেবা বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

৬। বিএআরসি'র সার ও সার জাতীয় দ্রব্যের বিনির্দেশ নির্ধারণ প্রক্রিয়াকরণ সেবাটির দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ড. ফরিদুল আলম, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৃত্তিকা) সেবাটির সেবা প্রদান পদ্ধতির ওপর বিস্তারিত তথ্য উপস্থাপন করেন এবং সেবা দ্রুত পেতে করণীয় বিষয় উপস্থাপন করেন।

৭। ড. মো: আবদুছ ছালাম, সদস্য পরিচালক (শস্য), বিএআরসি বি বাংলাদেশ উত্তম কৃষি চর্চার (GAP) মানদন্ড সরবরাহ এবং বাংলাদেশ উত্তম কৃষি চর্চার (Bangladesh GAP) এর সার্টিফিকেশন মার্কস/লোগো প্রদান সেবা দুটির সেবা প্রদান পদ্ধতির ওপর বিস্তারিত তথ্য উপস্থাপন করেন এবং সেবা পেতে করণীয় বিষয়ে জানান।

৮। জনাব নাজিয়া শিরিন, যুগ্মসচিব, বাজেট ও মনিটরিং অধিশাখা ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা সিটিজেন চার্টার, কৃষি মন্ত্রণালয় বিএআরসি প্রদত্ত সেবা সম্পর্কে বিএআরসি'র অংশীজনদের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে অবহিতকরণ সভাটি সেবা গ্রহীতাদের সময়মত মান সম্পন্ন সেবা প্রাপ্তিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। এর ফলে কাউন্সিলের সেবাসমূহ, সেবা প্রদানের সময়, নির্ধারিত ফি, সেবা প্রদান পদ্ধতি ইত্যাদি বিষয়ে অংশীজনদের স্বচ্ছ ধারণা তৈরী হবে।

৯। সভাপতি সভায় উত্থাপিত বিষয়গুলো গুরুত্বের সাথে বিবেচনার আশ্বাস প্রদান করেন। তিনি বিশেষ করে সার ও সার জাতীয় দ্রব্যের বিনির্দেশ নির্ধারণ সেবার ক্ষেত্রে নার্সভুক্ত যে সকল সকল প্রতিষ্ঠানের ল্যাব সুবিধা আছে সে সকল প্রতিষ্ঠানে থেকে দ্রুততম সময়ে নমুনা পরীক্ষার জন্য এ সকল প্রতিষ্ঠানকে আহ্বান জানান।

১০। সিদ্ধান্ত: সভায় সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম. | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/ইউনিট/কেন্দ্র/শাখা |
|---|---|---|
| ১০.১ | সার ও সার জাতীয় দ্রব্যের বিনির্দেশ নির্ধারণ প্রক্রিয়া ত্বরান্বিকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ; | প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা বিভাগ, বিএআরসি। |
| ১০.২ | কৃষি মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করে সার বিষয়ক কারিগরি উপ-কমিটির সুপরিশ জাতীয় সার প্রমিতকরণ কমিটির কাছে যথাসময়ে প্রেরণ ও সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণ; | প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা বিভাগ, বিএআরসি। |
| ১০.৩ | উত্তম কৃষি চর্চা (GAP) সংক্রান্ত প্রশিক্ষণে বেসরকারি প্রতিষ্ঠানকে উৎসাহিতকরণে অন্তর্ভূক্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ; | GAP unit, শস্য বিভাগ, বিএআরসি |

| ক্রম. | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/ইউনিট/কেন্দ্র/শাখা |
|---|---|---|
| ১০.৪ | সভা/সেমিনার/কর্মশালা/ প্রশিক্ষণের জন্য ভেন্যু বরাদ্দ সেবার ভেন্যুর নির্ধারিত ফি/ভাড়া সিটিজেন চার্টারে উল্লেখের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ; | প্রশাসন ও অর্থ বিভাগ বিএআরসি। |
| ১০.৫ | সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী প্রাতিষ্ঠানিক সেবা প্রদান বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ; | সকল বিভাগ ও ইউনিট বিএআরসি। |
| ১০.৬ | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে কৃষি বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য অংশীজনের অংশগ্রহণ নিশ্চিতকরণের মাধ্যমে আরও স্টেকহোল্ডার সভা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ; | ফোকাল পয়েন্ট কর্মকর্তা সিটিজেন চার্টার, বিএআরসি। |
| ১০.৭ | সভার সিদ্ধান্ত ও সুপারিশ যথাসময়ে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ। | সকল বিভাগ ও ইউনিট বিএআরসি। |

২৭/১২/২০২৪

(ড. মোঃ ছায়ফুল্লাহ)
সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ)
বিএআরসি।